

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৫২৫

২৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৪৭. অজ্ঞাতসারে কোন স্বচ্ছল ব্যক্তিকে সাদাকায়ে ফিতর দিয়ে দেওয়া

بَابِ إِذَا أَعْطَاهَا غَنِيًّا وَهُوَ لَا يَشْعُرُ

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ بَكَّارٍ قَالَ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَيَّاشٍ قَالَ حَدَّثَنَا شُعَيْبٌ قَالَ حَدَّثَنِي أَبُو الزِّنَادِ مِمَّا حَدَّثَهُ عَبْدُ الرَّحْمَنِ الْأَعْرَجُ مِمَّا ذَكَرَ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يُحَدِّثُ بِهِ عَنْ رَسُولِ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ قَالَ رَجُلُّ لَأَتَصَدَّقَنَّ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا فِي يَدِ سَارِقٍ فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقٍ فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقٍ فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقٍ عَلَى سَارِقٍ غَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقٍ عَلَى سَارِقٍ فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقٍ عَلَى عَنِي وَانِيَةٍ فَقَالَ اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى سَارِقِ عَلَى عَنِي وَانِيَةٍ لَأَتَصَدَّقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا عَلَى زَانِيَةٍ لَأَتَصَدَّقَتٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا عَلَى زَانِيَةٍ لَأَتَصَدَّقَنَّ بِصَدَقَةٍ فَخَرَجَ بِصَدَقَتِهِ فَوَضَعَهَا عَلَى زَانِيَةٍ لَا اللَّهُمُّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيَةٍ وَعَلَى اللَّهُمَّ لَكَ الْحَمْدُ عَلَى زَانِيَةٍ وَعَلَى اللَّهُ عَنِي فَقَيلَ لَهُ أَمَّا صَدَقَتُكَ فَقَدْ ثُقُبِّلَتْ أَمَّا النَّانِيَةُ فَلَعَلَقَا أَنْ يَعْتَبِرَ فَيُنْفِقَ مِمَّا مِنْ زِنَاهَا وَلَعَلَّ السَّارِقَ أَنْ يَعْتَبِرَ فَيُنْفِقَ مِهِ عَنْ سَرِقَتِهِ وَلَعَلَّ الْغَنِيُّ أَنْ يَعْتَبِرَ فَيُنْفِقَ مِمَّا الْنَالَةُ عَزَّ وَجَلَّ

বাংলা

২৫২৫. ইমরান ইবন বাক্কার (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন। তিনি বলেন যে, একবার এক ব্যক্তি (বনী ইসরাঈল-এর এক ব্যক্তি) শপথ করল যে, আমি অবশ্যই কিছু সাদাকা করব এবং সাদাকা নিয়ে বের হয়ে সেগুলো এক চোরের হাতে দিয়ে দিল। প্রত্যুষেই লোকজন বলাবলি করতে লাগল যে, একজন চোরকে সাদাকা দেওয়া হয়েছে। সাদাক দাতা বলল, ইয়া আল্লাহ্! তোমার শোকর যে, আমি একজন চোরকে সাদাকা দিতে পেরেছি। আমি অবশ্যই আবারো সাদাকা করব এবং সাদাকা নিয়ে বের হয়ে সেগুলো এক ব্যক্তিচারিণীর হাতে দিয়ে দিল। প্রত্যুষেই লোকজন বলাবলি করতে লাগল যে, গত রাত্রে একজন ব্যক্তিচারিণীকে সাদাকা দেওয়া হয়েছে। সাদাকা দাতা বলল যে, ইয়া আল্লাহ্! তোমার শোকর যে, একজন ব্যক্তিচারিণীকে সাদাকা দিতে পেরেছি। আমি অবশ্যই আবারো সাদাকা করব এবং সাদাকা নিয়ে বের হয়ে সেগুলো



এক স্বচ্ছল ব্যক্তির হাতে দিয়ে দিল। প্রত্যুষেই লোকজন বলাবলি করতে লাগল যে, একজন স্বচ্ছল ব্যক্তিকে সাদাকা দেওয়া হয়েছে। সাদাকা দাতা বলল, ইয়া আল্লাহ! তোমার শোকর যে, একজন আমি চোর, একজন ব্যভিচারিণী এবং একজন স্বচ্ছল ব্যক্তিকে সাদাকা দিতে পেরেছি। তাকে স্বপ্নে দেখানো হল যে, তোমার সাদাকা কবুল করে নেওয়া হয়েছে। ব্যভিচারিণী! সে হয়ত প্রাপ্ত সাদাকা দ্বারা ব্যভিচার থেকে বেঁচে থাকবে, চোর! সে হয়ত প্রাপ্ত সাদাকা দ্বারা চৌর্যবৃত্তি হতে নিবৃত্ত থাকবে, আর স্বচ্ছল ব্যক্তি! সে হয়ত উপদেশ গ্রহণ করবে এবং আল্লাহ তা'আলা প্রদত্ত সম্পত্তি থেকে দান করবে।

English

Abu Hurairah narrated that the Messenger of Allah said:

"A man said" 'I am going to give some charity.' So he went out with his charity and put it in the hand of a thief. The next morning they started talking about how charity had been given to a thief. Then he said: 'O Allah, to You be praise for the thief. I am going to give some charity.' So he went out with his charity and put it in the hand of a prostitute. The next morning they started talking about how charity had been given to a prostitute. He said: 'O Allah, to You be praise for the prostitute. I am going to give some charity. So he went out with his charity and put it in the hand of a rich man. The next morning they started talking about how charity had been given to a rich man. He said: 'O Allah, th You be praise for the prostitute, the thief and the rich man. 'Then the message came to him: As for your charity, it is accepted. As for the prostitute, perhaps it will keep her from committing Zina. As for the thief, perhaps it will stop him from stealing. And as for the rich man, perhaps he will learn a lesson, and will spend from that which Allah, the Mighty and Sublime, has given him."'

ফুটনোট

তাহক্বীকঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন